



Bodystretch Bangladesh Ltd.

Grievance Handling Procedure

(অভিযোগ প্রদান ও সমাধান নীতি)

১.১ মূলনীতি:

বডিস্ট্রেচ বাংলাদেশ লি: এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক কর্মচারী সম্বন্ধি বিধানে সচেষ্টি। একটি কার্যকর অভিযোগ পদ্ধতির মাধ্যমে শ্রমিক-কর্মচারীদের অসন্তুষ্টি, ক্ষোভ, অসন্তোষ ও পরামর্শ সরাসরি বা ব্যক্তিগত গোপনীয়তা রক্ষা করে সর্বোচ্চ কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে পারবে এবং তার প্রতিকার চাইতে পারবে। বডিস্ট্রেচ বাংলাদেশ লি: এ কর্মরত সকল শ্রমিক-কর্মচারী ও কর্মকর্তাগণ অভিযোগ, অনুযোগ এবং পরামর্শ নীতি অনুসরণের মাধ্যমে একটি সৌহার্দপূর্ণ আন্তরিক সম্পর্ক তৈরী করে সুন্দর কর্ম পরিবেশ তৈরী করবে। এই নীতিমালা বডিস্ট্রেচ বাংলাদেশ লি: সংশ্লিষ্ট সকল কর্মস্থলে বা পণ্য উৎপাদন এলাকার জন্য ভবিষ্যতে যদি বডিস্ট্রেচ বাংলাদেশ লি: এর ব্যবস্থাপনায় যদি কোন পরিবর্তন গঠিত হয় তাহলে সেই প্রতিষ্ঠানেও সমভাবে প্রযোজ্য হবে।

১.২ উদ্দেশ্য:

বডিস্ট্রেচ বাংলাদেশ লি: সকল শ্রমিক-কর্মচারী ও কর্তৃপক্ষের মধ্যে সৌহার্দপূর্ণ সম্পর্ক বজায় রেখে প্রতিষ্ঠানের শ্রমিক কর্মচারীদের সম্বন্ধি বিধানের মাধ্যমে কোম্পানীর অব্যহত উন্নতি এবং উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জন ও উৎপাদনশীলতা বৃদ্ধি করা। কোন শ্রমিক-কর্মচারী তার উর্ধ্বতন বা অধঃস্তন বা সহকর্মী দ্বারা কোন মানসিক বা শারীরিকভাবে নির্যাতন, হয়রানি ও লাঞ্ছনার শিকার হন তবে তার প্রতিকার কামনা করা।

১.৩ লক্ষ্য:

ক্ষুদ্র ক্ষুদ্র ক্ষোভ দানা বেধে সৃষ্টি হয় বড় ধরনের সংঘাত। সঠিক সময়ে তাই যথাযথ অনুযোগ, অভিযোগ ও পরামর্শ পদ্ধতি অনুসরণের মাধ্যমে উক্ত ক্ষোভ নিরসন করাই অভিযোগ ও অনুযোগ নীতির লক্ষ্য। প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারীগণ তাদের কার্যক্ষেত্রে উদ্ভূত বিভিন্ন ধরনের সমস্যা সমাধানের জন্য যে কোন ধরনের অভিযোগ, অনুযোগ ও পরামর্শ তাদের উপরোক্ত কর্তৃপক্ষের নিকট পেশ করা এবং সমস্যা নিরসন ও প্রতিকার করা।

১.৪ অঙ্গীকার:

কার্যক্ষেত্রে কোন শ্রমিক-কর্মচারী তার উর্ধ্বতন বা অধঃস্তন বা সহকর্মী দ্বারা কোন মানসিক বা শারীরিকভাবে নির্যাতন, হয়রানি ও লাঞ্ছনার শিকার হলে তার বিরুদ্ধে কোন মৌখিক বা লিখিত অভিযোগ বা অনুযোগ উত্থাপিত হলে বডিস্ট্রেচ বাংলাদেশ লি: কর্তৃপক্ষ তা প্রতিকারের জন্য দৃঢ় প্রতিজ্ঞ ও অঙ্গীকারবদ্ধ। বডিস্ট্রেচ বাংলাদেশ লি: এই নীতি কার্যকর বায়ারণ্যের আচরণবিধি (COC), আইএলও কনভেনশন ও বাংলাদেশ শ্রম আইন ২০০৬ যথাযথভাবে অনুসরণ করবে।

১.৫ বডিস্ট্রেচ বাংলাদেশ লি: কর্তৃপক্ষ বিশ্বাস করে যে, শ্রমিক কর্মচারীদের সকল প্রকার ভুল বোঝাবুঝির অবসান ঘটানোর জন্য একটি নির্ধারিত ও ফলপ্রসূ অভিযোগ পদ্ধতি থাকা প্রয়োজন। কর্মক্ষেত্রে অভিযোগ পদ্ধতি একটি ফলপ্রসূ যা একজন কর্মচারীকে তার অসন্তোষ বা অন্যায় ব্যবস্থাপনা এবং বৈসম্যমূলক আচরণ এর বিরুদ্ধে মত প্রকাশ করার অধিকার দেয়। তাই কর্তৃপক্ষ কর্মচারীদের সার্বিক বিষয় নিশ্চিত করতে নির্দিষ্ট নীতিমালা অনুসরণ করে অভিযোগ সমূহের সূত্র ও নিরপেক্ষ বিচার নিশ্চিত করার চেষ্টা করেন। কর্মকারখানায় কর্মরত শ্রমিকদের মাঝে নানাবিধ অভিযোগ সমূহের সূত্র ও নিরপেক্ষ বিচার নিশ্চিত করার চেষ্টা করেন। বলকারখানার কর্মরত শ্রমিকদের মাঝে নানাবিধ অভিযোগ এর কথা সচরাচর শোনা যায়। ঐসব অভিযোগগুলিকে তাদের প্রকৃতিগত বিবেচনায় তিনটি প্রধান অংশে ভাগ করা যায়, যেমন:-

অনুমোদনের তারিখ:	৩/২/২০১৩	নবায়নের তারিখ:	১/১/২০১৭
রিভিশন নং:	০২	বাস্তবায়নের তারিখ:	৫/২/২০১৩



Head Office : Suite # 5-A (5th floor), Plot # 30, Sonargaon Janapath Road, Sector# 11, Uttara, Dhaka-1230, Bangladesh.
Tel : +8802-7914412, +8802-8991729, Fax : +8802-8991029
Factory : Plot # 80, Tengury, Zirani Bazar, P.O : BKSP, P.S. Ashulia, Savar, Dhaka, Bangladesh
E-mail : bangladesh@bodystretch.com <http://www.bodystretch.com>

